

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ

ইউনিট-বি

রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং- ১৬৮/বি.স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২৩-২৪/৩৪

তারিখ: ০৩/০৬/২০২৪

নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বাণিজ্য ও অ-বাণিজ্য গ্রুপের উত্তীর্ণ পরীক্ষার্থীদের পঞ্চম মেধা তালিকার ভর্তি কার্যক্রম শেষে আসন শূন্য থাকায় অপেক্ষামান তালিকা থেকে মেধাক্রম অনুসারে বিভাগের শূন্য আসনের বিপরীতে ভর্তির জন্য ষষ্ঠ মেধা তালিকা এবং শারীরিক প্রতিবন্ধী কোটার দ্বিতীয় মেধা তালিকা প্রকাশ করা হলো।

ষষ্ঠ মেধা তালিকা ও শারীরিক প্রতিবন্ধী কোটার দ্বিতীয় মেধা তালিকায় নির্বাচিতদের সাক্ষাৎকার ও ভর্তির কার্যক্রম আগামী ৫ ও ৬ জুন, ২০২৪ তারিখ সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত গ্রহণ করা হবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের সকাল ১০ টায় ডীনস্ কমপ্লেক্স ভবনে (কক্ষ নং-৩১৮, তৃতীয় তলা) উপস্থিত হয়ে সাক্ষাৎকার প্রদানের নির্ধারিত স্থান জেনে নিতে হবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের ৫ ও ৬ জুন, ২০২৪ তারিখের মধ্যেই ভর্তির সকল কার্যক্রম শেষ করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে সাক্ষাৎকারসহ ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তির আর সুযোগ থাকবে না। আসন শূন্য থাকা সাপেক্ষে মেধাক্রম অনুসারে পরবর্তী তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://admission.ru.ac.bd>) প্রকাশ করা হবে।

সাক্ষাৎকারে অংশগ্রহণ করার পর নির্বাচিত ছাত্র/ছাত্রীদের অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ভর্তি ফর্ম পূরণ করার পর ৩ (তিন) কপি প্রিন্ট করে অফিস সময়ে বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে (ডীনস্ কমপ্লেক্স, তৃতীয় তলা, রুম নং ৩১৪) ভর্তির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।

কোন ভর্তিচ্ছু যদি প্রাপ্ত বিভাগেই থাকতে চান বা অটো-মাইগ্রেশনের সুযোগ নিতে না চান, তাহলে তাকে অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে ০৬/০৬/২০২৪ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে অটো-মাইগ্রেশন বন্ধ করতে হবে (Stop automigration)।

ক্লাস শুরু তারিখ: ০১/০৭/২০২৪।

নির্বাচিত ছাত্র/ছাত্রীদের নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:

- ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) সার্ভিস চার্জ বাদে ৫,২০০.০০ (পাঁচ হাজার দুইশত) টাকা জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফর্ম পূরণ করতে হবে। ভর্তিসংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলি ওয়েবসাইটে (<http://admission.ru.ac.bd> এর মধ্যে online admission guideline) পাওয়া যাবে।
- অফিস সময়ে নিম্নের ডকুমেন্টসমূহ A4 সাইজ খামে (খামের উপর ভর্তিচ্ছুর নাম, পিতার নাম, রোল নং, মেধাক্রম, মোবাইল নং এবং জমাকৃত ডকুমেন্ট সমূহের তালিকা) অনুষদ অফিসে জমা দিতে হবে।
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।
 - এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল মার্কশীট।
 - এইচএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
 - Online এ পূরণকৃত ভর্তি ফর্ম (৩ কপি) এর প্রিন্ট কপি।
 - Subject Choice Form (১ কপি) এর প্রিন্ট কপি।

উল্লেখ্য যে, জমাকৃত কাগজপত্র এক বছর সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা রাখা হবে। সে কারণে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের মূল কাগজপত্রের একাধিক কপি ফটোকপি করে নিজের কাছে রাখার জন্য বলা হচ্ছে।

শর্তাবলি:

ক) ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলিতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।

খ) প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা যথাযথ (ইউনিট-বি) কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



০৩.০৬.২০২৪

(প্রফেসর ড. আবু সাদেক মো. কামরুজ্জামান)

চীফ কো-অর্ডিনেটর (ইউনিট-বি)

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা-২০২৩-২৪

ও

অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ,

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।